



পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৪.০১১.১৯- ৮৬৭

তারিখঃ ১৭ শ্রাবণ' ১৪২৯  
১১ আগস্ট '২০২২

বিষয়ঃ **জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচী চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে কারা অধিদপ্তরের কর্মসূচী পালন।**

বরাতঃ ক। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২২.৫৩৭ তারিখ: ১৭-৭-২০২২  
খ। সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৫১ তারিখ: ২৪-৭-২০২২  
গ। সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৬০ তারিখ: ০১-৮-২০২২

উপর্যুক্ত বিষয়ে ও বরাতে উল্লিখিত স্মারকসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে কারা বিভাগে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে নিম্নলিখিত কর্মসূচী বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলোঃ

- ১। জাতীয় পতাকা অর্ধনমিত রাখা (এক্ষেত্রে ফ্লাগ রুলস যথাযথভাবে অনুসরণ এবং ব্যবহার উপযোগী ফ্লাগ উত্তোলন করতে হবে।) ও কর্মকর্তা/ কর্মচারীগণ কর্তৃক কালা ব্যাজ ধারণ করা;
- ২। জেলা পর্যায়ে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবসের সকল কর্মসূচীতে অংশগ্রহণ করা;
- ৩। কর্মকর্তা ও কর্মচারী এবং কারা বন্দিদের অংশগ্রহণে সামাজিক দূরত্ব বজায় রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম নিয়ে জাতীয় শোক দিবসের আলোচনা সভার আয়োজন করা;
- ৪। সকল কারাগারে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনভিত্তিক ও স্বাধীনতা সংগ্রাম সম্পর্কিত গ্রন্থ, স্থির চিত্র, ম্যাগাজিন, পত্রিকার গুরুত্বপূর্ণ খবরের অংশ ইত্যাদির মাধ্যমে সমৃদ্ধকরণ;
- ৫। বিভাগীয় দপ্তর ও সকল কারাগারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন এর ডকুমেন্টারী ভিডিও মাসব্যাপী প্রদর্শন করা;
- ৬। কারা কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে কবিতা পাঠ, রচনা, চিত্রাংকন ও হামদওনাত প্রতিযোগিতার আয়োজন করা;
- ৭। জাতীয় শোক দিবসের ব্যানার মাসব্যাপী দৃশ্যমান স্থানে প্রদর্শন করা; এ বিষয়ে ব্যানারের ডিজাইন সংগ্রহের জন্য আইসিটি সেলের ডেপুটি জেলার জনাব মোঃ ফয়েজ-উর রহমান এর সাথে মোবাইল নং- ০১৭২২৫৯১৪২২ এর মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে।
- ৮। সকল কারাগারে বৃক্ষরোপন কর্মসূচী গ্রহণ করা;
- ৯। কারা জামে মসজিদে বাদ জোহর জাতীয় শোক দিবসের বিশেষ দোয়া মাহফিল ও প্রার্থনার আয়োজনকরণ;
- ১০। কারা কর্মকর্তা ও কর্মচারীদের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী গ্রহণ করা (ঐচ্ছিক);
- ১১। সামর্থ্য অনুযায়ী সামাজিক দূরত্ব বজায় রেখে দুঃস্থদের মাঝে খাবার বিতরণ (ঐচ্ছিক);
১২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদের প্রতি বিদেহী আত্মার মাগফিরাত কামনায় কারা স্টাফ ও কারা বন্দিদের মাধ্যমে কোরআন খতম/তেলোয়াতের ব্যবস্থা করা (ঐচ্ছিক);

মো: আবরার হোসেন

কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে- কারা মহাপরিদর্শক।  
addI.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক  
সকল বিভাগ, সকল সদর দপ্তর। } (ই-মেইল যোগে)  
**জ্ঞাতার্থে/কার্যার্থেঃ বিতরণঃ**

- ১। সিনিয়র জেল সুপার /জেল সুপার, সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার। (ই-মেইল যোগে)
- ২। প্রকল্প পরিচালক ( সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক ( সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক , কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/ পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। ব্যানারের মাগ অনুযায়ী ডিজাইন কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স সিকিউরিটি ইউনিট/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট , কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক , অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়গণের সদয় অবগতির জন্য ।
- ১০। সার্কুলার ফাইল/প্রেষণ ফাইল।